অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/29/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল NY CREATES' অ্যালবানি ন্যানোটেক কমপ্লেক্সে উদ্ভাবনী নতুন এনার্জি সংশ্লিষ্ট ল্যাবরেটরির ঘোষণা দিয়েছেন

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি ডিজিটাল পাওয়ার গ্রিড "টুইন" নতুন প্রযুক্তির পরীক্ষা-নিরীক্ষা, গ্রিডের উন্নয়ন এবং পুনঃনবায়নযোগ্য রিসোর্সের সমন্বিতকরণের প্রভাব সক্ষম করে তোলে

ভার্চুয়াল টেস্টিং প্ল্যাটফর্মগুলো নতুন ক্লিন এনার্জি সংশ্লিষ্ট পণ্য এবং পরিষেবাগুলো মানিয়ে নেওয়াকে ত্বরান্বিত করতে, এনার্জি সেক্টরকে আধুনিকীকরণ করতে সহায়তা করে

উন্নত প্রযুক্তিগত গবেষণায় সহায়তা করার জন্য NYSERDA 9 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে

***AGILe ল্যাবের* ভিডিও দেখুন**

গভর্নর ক্যাথি হোকল আজ দেশের সবচেয়ে উন্নত অলাভজনক সেমিকন্ডাক্টর গবেষণা ও উন্নয়ন ফ্যাসিলিটি, NY CREATES' অ্যালবানি ন্যানোটেক কমপ্লেক্সে একটি প্রথম সারির, বিশ্ব-মানের বৈদ্যুতিক গ্রিড এবং পাওয়ার সিস্টেম ল্যাবরেটরির আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করেছেন। জিরো এনার্জি ন্যানোটেকনোলজি (Zero Energy Nanotechnology, ZEN) বিল্ডিং-এ অবস্থিত অ্যাডভান্সড গ্রিড ইনোভেশন ল্যাবরেটরি ফর এনার্জি (Advanced Grid Innovation Laboratory for Energy, AGILe) যা নতুন বৈদ্যুতিক প্রযুক্তির পরীক্ষা-নিরীক্ষা, মডেলিং এবং বৈধতা, বৈদ্যুতিক গ্রিডের উন্নয়ন, ট্রান্সমিশন-সম্পর্কিত পণ্য ও পরিষেবা এবং এনার্জি সিস্টেমের ক্ষেত্রে অভিনব উদ্ভাবন নিশ্চিত করে। AGILe ল্যাব গ্রাহকদের নিউ ইয়র্ক স্টেট পাওয়ার গ্রিড এবং এর আনুষঙ্গিক সিস্টেমের ডিজিটাল মডেলে রিয়েল-টাইমে প্রযুক্তি পরীক্ষা-নিরীক্ষা করার সক্ষমতা প্রদান করে।

"AGILe ল্যাব, কেন্দ্রীয়ভাবে এবং সুবিধাজনকভাবে নিউ ইয়র্কের রাজধানীতে অবস্থিত যেটি একটি বৈশ্বিক বৈদ্যুতিক গ্রিড গবেষণার কেন্দ্র হিসেবে কাজ করবে," **গভর্নর হোকল বলেন।** "ক্লিন এনার্জি ট্রানজিশন ডেটার মাধ্যমে জানানো হবে এবং নতুন সম্প্রসারিত AGILe ফ্যাসিলিটি নিউ ইয়র্ক স্টেট এবং সারা বিশ্বের এনার্জি গবেষণাকারীদের উদ্ভাবনী এনার্জি সংশ্লিষ্ট

উদ্ভাবনগুলো বিকশিত করতে সাহায্য করবে যা আমাদের আরো টেকসই ভবিষ্যতের দিকে নিয়ে যাবো"

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি যা দেশের সর্ববৃহৎ স্টেট-পরিচালিত বিদ্যুৎ সরবরাহকারী প্রতিষ্ঠান, তারা নতুন করে সম্প্রসারিত AGILe ল্যাবটি রিয়েল-টাইমের বৈদ্যুতিক গ্রিডের কাজের অনুকরণ সরবরাহ করে ভবিষ্যৎ পরিস্থিতি মূল্যায়ন এবং স্টেটের বৈদ্যুতিক গ্রিডকে ঝুঁকির মধ্যে ফেলা ছাড়াই বৃহৎ আকারের বিদ্যুৎ ব্যবস্থায় নতুন ও উন্নত প্রযুক্তির প্রভাব পরীক্ষা-নিরীক্ষা করতে পারে। একাধিক বৈদ্যুতিক গ্রিড ব্যবস্থার অনুকরণ করতে এবং AGILe পরীক্ষা-নিরীক্ষার পরিবেশে হাতে-কলমে এবং কার্যত সরঞ্জামগুলোকে সংযুক্ত করার জন্য ল্যাবগুলোর সক্ষমতা নতুন প্রযুক্তি এবং পণ্যগুলোর নির্ভরযোগ্য সমন্বয়করণকে ত্বরান্বিত করতে সহায়তা করবে।

NYPA-এর ট্রাস্টি লরি হুইলক বলেন, "AGILe-এর কাজ হলো তারা নিউ ইয়র্কের গ্রিডের ধারাবাহিকতাকে ঝুঁকিতে না ফেলে রিয়েল-টাইমে এনার্জি সংশ্লিষ্ট উদ্ভাবনগুলোর পরীক্ষা-নিরীক্ষা করার জন্য অত্যাধুনিক প্রযুক্তির ব্যবহার করতে চায়। এই ল্যাবের উন্নয়নটি নিউ ইয়র্কের জলবায়ু আইনের লক্ষ্য অর্জনে পৌঁছাতে পাওয়ার অথরিটির নবায়নযোগ্য এনার্জি অংশীদারদের সাথে অব্যাহত সহযোগিতার প্রতিনিধিত্ব করে এবং এর সময়োপযোগী উদ্বোধনটি স্টেট ব্যাপী বৈদ্যুতিক নেটওয়ার্কে নতুন পুনঃনবায়নযোগ্য এনার্জি অন্তর্ভুক্ত করার সবচেয়ে সাশ্রয়ী এবং দক্ষ উপায়গুলো সম্পর্কে NYPA-কে অবহিত করতে সহায়তা করবে।"

NYPA প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা জাস্টিন ই. ড্রিসকল বলেন, "অ্যাডভান্সড গ্রিড ইনোভেশন ল্যাবরেটরি ফর এনার্জি একটি ক্লিন এনার্জি ইকোনমিতে স্টেটের আধুনিকায়নকে এগিয়ে নেওয়ার ক্ষেত্রে আমাদের সাফল্যের অবিচ্ছেদ্য অংশ। AGILe-এর ডেটা ও বিশ্লেষণ সক্ষমতাকে কাজে লাগিয়ে গবেষণা সহযোগিতার মাধ্যমে আমরা ভবিষ্যতের গ্রিড সম্পর্কে গুরুত্বপূর্ণ প্রশ্নের উত্তরগুলো পেয়ে যাব এবং এভাবে আমাদের বৈদ্যুতিক রিসোর্স ও সঞ্চালন ব্যবস্থা অত্যাধুনিক এবং আমাদের উচ্চাকাঙ্ক্ষী এনার্জি সংশ্লিষ্ট লক্ষ্যগুলোকে সহায়তা করতে সক্ষম হবে। AGILe হলো একটি বৈশ্বিক রিসোর্স যা যেকোনো ভেন্ডর, ইউটিলিটি বা গবেষণা সংস্থা কর্তৃক ব্যবহৃত এনার্জি উদ্ভাবনমূলক প্রশ্নের উত্তর দেওয়ার জন্য ব্যবহার করা যেতে পারে।"

NYSERDA প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "AGILe এবং আমাদের সিস্টার অথরিটি NYPA-এর সাথে এই সহযোগিতামূলক প্রচেষ্টার মাধ্যমে আমরা গ্রিড আধুনিকীকরণকে এগিয়ে নেওয়া অত্যাধুনিক প্রযুক্তির বিকাশ এবং পরিচালনা ব্যবস্থাকে ত্বরান্বিত করতে সম্মিলিত উদ্ভাবন প্রক্রিয়াকে উৎসাহিত করছি। সকল অংশীদারদের দক্ষতা এবং রিসোর্সগুলোকে সমন্বিত করে অর্জিত জ্ঞান এবং অত্যাধুনিক ডেটা ও মডেলিং সক্ষমতার অগ্রগতি নিউ ইয়র্কের পরিবেশবান্ধব এনার্জির আধুনিকায়নকে সমর্থন করে যা স্টেটের বাসিন্দাদের নিকট দক্ষতার সহিত বিতরণ করা হয়।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব পাবলিক সার্ভিসের প্রধান নির্বাহী কর্মকর্তা ররি এম. ক্রিশ্চিয়ান বলেন, "AGILe প্রকল্পের মতো উদ্যোগগুলো নতুন, ক্লিন এনার্জি প্রযুক্তির ক্রমাগত বিকাশকে উৎসাহিত করবে যা নিউ ইয়র্ক স্টেটে বিদ্যমান গ্রিড বিনিয়োগের সুবিধাগুলো সর্বাধিক

করার জন্য আমাদের প্রচেষ্টাকে সমর্থন করে। এই জটিল গুরুত্বপূর্ণ প্রক্রিয়াটির সাথে জড়িত সকল পক্ষকে ধন্যবাদ।"

নিউ ইয়র্ক ইন্ডিপেন্ডেন্ট সিস্টেম অপারেটরের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা রিচার্ড ডিউই বলেন, "ভবিষ্যতের গ্রিডকে এগিয়ে নেওয়ার জন্য প্রয়োজনীয় নেতৃত্ব এবং কর্মচাঞ্চল্যতা প্রদর্শন করার জন্য আমি NYPA-কে পুনরায় সাধুবাদ জানাই। AGILe ক্লিন এনার্জি ডেভেলপমেন্ট এবং অত্যাধুনিক প্রযুক্তিগত সিস্টেমের নির্ভরযোগ্যতার ভারসাম্য রক্ষার চ্যালেঞ্জ মোকাবিলায় সাহায্য করবে। এই বিষয়ে NYPA-এর সাথে কাজ করতে পেরে NYISO উচ্ছ্বসিত এবং আমাদের বাড়ির পাশে "ডিজিটাল টুইন" নামক একটি গ্রিড থাকাটা আমাদের সহযোগিতাকে আরো ঘনিষ্ঠ করে তুলবে।"

এছাড়াও AGILe নিউ ইয়র্ক স্টেটের বৈদ্যুতিক গ্রিডে বিরতিহীন পুনঃনবায়নযোগ্য রিসোর্সের আরো বেশি ব্যবহারজনিত ফলাফলের মূল্যায়নকেও সক্ষম করে তুলবে। পরিবেশবান্ধব এনার্জি বিষযক প্রযুক্তি, যেমন- ব্যাটারি স্টোরেজ সিস্টেম, বৈদ্যুতিক যানবাহন এবং সংশ্লিষ্ট অবকাঠামো, কার্যকারিতা পরীক্ষা-নিরীক্ষা এবং কর্মক্ষমতা মূল্যায়ন করতে AGILe-এর সাথে সংযুক্ত করা যেতে পারে। তারপরে অর্জিত জ্ঞানগুলো প্রয়োগ করা যেতে পারে, যাতে পণ্য এবং পরিষেবাগুলো বৈদ্যুতিক গ্রিড বা এনার্জি সিস্টেমে প্রয়োগ করার আগে সেগুলোর উন্নতি করা যায়।

নিউ ইয়র্ক 2030 সালের মধ্যে 70 শতাংশ পুনঃনবায়নযোগ্য এনার্জি উৎপাদন সহ 2040 সালের মধ্যে শূন্য-নির্গমন ভিত্তিক বৈদ্যুতিক খাত বাস্তবায়নের পথে রয়েছে। AGILe ল্যাব গ্রাহকদের কৌশল, পণ্য এবং পরিষেবাগুলো পরীক্ষা-নিরীক্ষা করতে সক্ষম করবে যা স্টেটের জলবায়ু এবং পরিবেশবান্ধব এনার্জি সংশ্লিষ্ট লক্ষ্যগুলো পূরণে সাহায্য করবে।

উদীয়মান প্রযুক্তিগুলোর গবেষণা, মূল্যায়ন এবং পরীক্ষা-নিরীক্ষাকে সহায়তা করতে AGILe ল্যাব বিভিন্ন এনার্জি-কেন্দ্রিক প্রতিষ্ঠানের সাথে সহযোগিতা বজায় রাখবে, যার মধ্যে রয়েছে: ইলেকট্রিক পাওয়ার রিসার্চ ইনস্টিটিউট (Electric Power Research Institute, EPRI), লং আইল্যান্ড পাওয়ার অথরিটি (Long Island Power Authority, LIPA), নিউ ইয়র্ক ইন্ডিপেন্ডেন্ট সিস্টেমস অপারেটর (New York Independent Systems Operator, NYISO), নিউ ইয়র্কের বেসরকারি মালিকানাধীন ইউটিলিটি কোম্পানি এবং নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA)।

হরিজোনে নতুন প্রোজেক্ট: উন্নত প্রযুক্তি গবেষণার জন্য 9 মিলিয়ন মার্কিন ডলার

NYSERDA আগামী তিন বছরে পাওয়ার গ্রিড নির্ভরযোগ্যতা, গ্রিড আধুনিকীকরণ এবং পরিচালনায় নমনীয়তা, সাইবার নিরাপত্তা এবং গ্রিড স্থিতিস্থাপকতার উদ্যোগকে সমর্থন করার জন্য NYPA-এর সাথে অংশীদারিত্ব করছে। একটি নতুন স্বাক্ষরিত সমঝোতা স্মারকের অনুযায়ী, AGILe-এর ডেটা, কম্পিউটিং রিসোর্স এবং কর্মীদের সর্বোত্তম ব্যবহার করে এমন প্রকল্পগুলোর জন্য ভবিষ্যতের প্রতিযোগিতামূলক চাহিদার মাধ্যমে NYSERDA 8 মিলিয়ন মার্কিন ডলার

প্রদান করবে। একটি বাড়তি 1 মিলিয়ন মার্কিন ডলারের মূল স্টেকহোল্ডারদের সহযোগিতায় NYSERDA কর্তৃক পরিচালিত গবেষণা এবং বিশ্লেষণের জন্য ব্যবহার করা হবে।

বিশ্বজুড়ে থাকা ভেন্ডর, এনার্জি উদ্ভাবকদের জন্য উপলভ্য
সম্প্রসারিত AGILe ভেন্ডর এবং এনার্জি উদ্ভাবকদের দ্বারা নতুন প্রযুক্তির পরিচালনা ব্যবস্থাকে ত্বরান্বিত করতে এবং খরচ-সাশ্রয়ী, নিরাপদ এবং ব্যবহারিক পদ্ধতি ব্যবহার করে তাদের ক্লিন এনার্জি বিষয়ক গবেষণা ও পরীক্ষা-নিরীক্ষাকে এগিয়ে নিতে ব্যবহার করা যেতে পারে। AGILe সিস্টেমগুলো পুনঃনবায়নযোগ্য এনার্জির আরো দ্রুত সংযোগ সাধনের, সাইবার সুরক্ষার গবেষণা ও উন্নয়ন পরিচালনা করার এবং গ্রিড বিশ্লেষণ ও পরিচালনার জন্য কৃত্রিম বুদ্ধিমত্তা ও পাইকারি বিদ্যুৎ সংশ্লিষ্ট বাজার গবেষণাসহ অন্যান্য উন্নত প্রযুক্তিগুলোর ক্ষেত্রে গবেষণা ও উন্নয়ন পরিচালনা করার জন্য নিউ ইয়র্ক স্টেটের সংস্থা, বিদ্যুৎ সরবরাহকারী, প্রযুক্তিগত সংস্থা, ইউনিভার্সিটি এবং স্বাধীন সিস্টেম অপারেটরদের চাহিদা পূরণ করতে পারে।

ফ্যাসিলিটিটির প্রধান সক্ষমতা হলো একটি বর্ধিত ডিজিটাল মডেল যা নিউ ইয়র্কের বৈদ্যুতিক গ্রিডের সামগ্রিক ব্যবস্থাকে অনুকরণ করে, কম-ঝুঁকিপূর্ণ এবং সাশ্রয়ী উপায়ে রিয়েল-টাইম অন্তর্দৃষ্টি এবং ভবিষ্যদ্বাণীমূলক বিশ্লেষণ নিশ্চিত করে। প্রযুক্তিগত উদ্ভাবনগুলোর একটি পোর্টফোলিওতে সিস্টেম ব্যবহারকারীদের অ্যাক্সেস রয়েছে এবং সিস্টেমের কার্যকারিতার উপর বিভিন্ন প্রভাব গবেষণা করতে তারা বিভিন্ন শাখায় বিভিন্ন মডেল ব্যবহার করতে পারে।

NY CREATES প্রেসিডেন্ট ডেভ অ্যান্ডারসন বলেন, “NY CREATES নতুন প্রজন্মের চিপ প্রযুক্তি সক্ষম করার জন্য উন্নত গবেষণা ও উন্নয়ন চালু করছে যা শিল্পের টেকশইতার দিকে মনোযোগ দেবে। আমরা গর্বিত যে আমাদের অত্যাধুনিক অ্যালবানি ন্যানোটেক কমপ্লেক্সটি নিউ ইয়র্কে একটি পরিবেশবান্ধাব এবং ধারাবাহিক এনার্জি গ্রিডের জন্য একটি পরীক্ষামূলক ক্ষেত্র হিসেবে কাজ করার পাশাপাশি NYPA-এর AGILe উদ্যোগের জন্য একটি প্রমাণক্ষেত্র হিসেবেও কাজ করবে।”

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা ও কমিশনার হোপ নাইট বলেন, “গভর্নর হোকলের অধীনে, নিউ ইয়র্ক নতুন প্রযুক্তিতে বিনিয়োগ করে চলেছে যা স্টেটের জলবায়ু বিষয়ক লক্ষ্যগুলো অর্জনকে সমর্থন করে এবং পুনঃনবায়নযোগ্য এবং পরিবেশবান্ধব এনার্জি ভিত্তিক অর্থনীতির বিকাশ ঘটায়। NY CREATES-এর এই নতুন ল্যাবটি যা NYPA এবং NYSERDA-তে আমাদের সহকর্মীদের মাধ্যমে সম্ভব হয়েছে তা পরিবেশবান্ধব এনার্জি সেক্টরে টেকসইভাবে উন্নতি সাধনের জন্য আমাদের যৌথ গবেষণা এবং উন্নয়ন প্রচেষ্টাকে আরো বেগবান করবে।”

অ্যাসেম্বলিমেম্বার দিদি ব্যারেট বলেন, “পুনঃনবায়নযোগ্য এনার্জি ব্যবস্থায় আমাদের আধুনিকায়ন ধারাবাহিক নির্ভরযোগ্যতা এবং নিরাপত্তা নিশ্চিত করতে উল্লেখযোগ্য গ্রিড আপগ্রেডের প্রয়োজন হবে। এই বিশ্ব-মানের ল্যাবরেটরিটি আমাদেরকে সিমুলেশন ও মডেল পরিচালনার, উদ্ভাবনীমূলক প্রযুক্তি যাচাইবাছাই করার, নতুন উদ্ভাবনগুলো বাজারে আনার সময় ট্যাগ করার, বিভিন্ন মডেলে পরীক্ষা-নিরীক্ষা করে ঝুঁকি কমানোর এবং সাইবার সুরক্ষা বাড়ানোর সুযোগ দেবে।”

অ্যাসেম্বলিমেম্বার প্যাট্রিসিয়া ফাহি বলেন, "বৈরি আবহাওয়ার ঘটনাগুলোর পুনরাবৃত্তি ক্রমেই বেড়ে চলছে এবং দ্রুতগতিতে বৃদ্ধিপ্রাপ্ত জলবায়ু সংকটের পাশাপাশি আমাদের স্থানীয় কমিউনিটির ক্ষতির মূল্যও আরো বাড়তে থাকবে। অ্যাডভান্সড গ্রিড ইনোভেশন ল্যাবরেটরি ফর এনার্জি (AGILe)-এর আজকের উদ্বোধন নিউ ইয়র্কের বৈদ্যুতিক গ্রিডের ধারণক্ষমতা সম্পর্কে জাতীয়-পর্যায়ের অন্তর্দৃষ্টি এবং তথ্য সরবরাহ করার পাশাপাশি এমনকি বৈরি আবহাওয়াজনিত অবস্থার সময় এটি কিভাবে টিকে থাকতে এবং পরিচালনা করতে পারে তা সম্পর্কে ভবিষ্যতবাণী করবে। অ্যালবানি ন্যানোটেক ক্যাম্পাসে এই ধরনের উদ্ভাবনে বিনিয়োগ করা কৃত্রিম বুদ্ধিমত্তা এবং ন্যানো প্রযুক্তি গবেষণায় নেতৃত্বদানকারী হিসেবে রাজধানী অঞ্চলের স্থানকে সুসংহত করে এবং প্রাকৃতিক দুর্যোগে যখন এটির সবচেয়ে বেশি প্রয়োজন তখন আমাদের ক্রমাগত সাড়া দেওয়ার সক্ষমতা নিশ্চিত করে।"

অ্যাসেম্বলিমেম্বার জন টি. ম্যাকডোনাল্ড III, RPh বলেন, "একটি টেকসই এনার্জি সংশ্লিষ্ট ভবিষ্যত গঠনের দিকে নিউ ইয়র্কের যাত্রায় আজকের দিনটি একটি স্মরণীয় মুহূর্ত। নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি কর্তৃক পরিচালিত এই অত্যাধুনিক ল্যাবরেটরি, আমরা যেভাবে এনার্জি ব্যবহার এবং বিতরণ করি তাতে বিপ্লব ঘটানোর জন্য নিউ ইয়র্ক স্টেটের প্রতিশ্রুতির প্রমাণ হিসেবে প্রতীয়মান হয়েছে। অ্যাডভান্সড গ্রিড ইনোভেশন ল্যাবরেটরি ফর এনার্জিতে তারা নতুন বৈদ্যুতিক প্রযুক্তি, গ্রিড উন্নয়ন এবং পুনঃনবায়নযোগ্য রিসোর্সের সমন্বয়করণ পরীক্ষা-নিরীক্ষা, মডেল এবং যাচাইবাছাই করবে। AGILe আমাদেরকে একটি সবুজ, আরো স্থিতিস্থাপক ভবিষ্যত গঠনের পথে এগিয়ে নিতে সাহায্য করবে। গভর্নর হোকল, NYPA এবং এই প্রকল্পটিকে বাস্তবে রূপ দিতে কাজ করা অন্যান্য সকল অংশীদারদের ধন্যবাদ।"

অ্যালবানি কাউন্টির নির্বাহী ড্যানিয়েল পি. ম্যাককয় বলেন, "একটি নির্ভরযোগ্য এবং গতিশীল বৈদ্যুতিক গ্রিড আমাদের পুনঃনবায়নযোগ্য এনার্জি এবং একটি পরিবেশবান্ধব এনার্জি ভিত্তিক অর্থনীতিতে রূপান্তরের ক্ষেত্রে একটি অপরিহার্য উপাদান। AGILe-তে বিনিয়োগ করার জন্য আমি NYPA এবং গভর্নর হোকলের প্রশংসা করি, এটি এমন একটি ফ্যাসিলিটি যা উদীয়মান গ্রিড টেকনোলজির বাস্তবায়নকে এগিয়ে নিতে সাহায্য করার পাশাপাশি নিশ্চিত করবে যে নিউ ইয়র্ক স্টেট এবং অ্যালবানি কাউন্টি এই উদ্ভাবনের সুবিধাগুলো ক্যাপচার করতে সক্ষম।"

অ্যালবানি মেয়র ক্যাথি শিহান বলেন, "আবারও, নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি সকল নিউ ইয়র্কবাসীর জন্য একটি টেকসই ভবিষ্যত গড়ে তোলার প্রতিশ্রুতি পালন করছে। এনার্জি সংশ্লিষ্ট নতুন টেকনোলজিকে দ্রুত সময়ে এবং নিরাপদে পরীক্ষা-নিরীক্ষা করার অনুমতি প্রদানের মাধ্যমে AGILe মিউনিসিপ্যালিটিগুলোর উপর একটি বিশাল প্রভাব ফেলবে, যেমন অ্যালবানির মতো আমরা আমাদের নিজস্ব টেকসই লক্ষ্য পূরণের জন্য কাজ করে থাকি। এনার্জি খাত যেহেতু ব্যাপক রূপান্তরের মধ্য দিয়ে যাচ্ছে তাই নিরাপদ ও নির্ভরযোগ্য বিদ্যুৎ গ্রিড নিশ্চিত করার গুরুত্বপূর্ণ কাজগুলো চালিয়ে যাওয়ার জন্য (NYPA)-কে ধন্যবাদ জানাই।"

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি করে, সকল খাতে একটি সবুজ অর্থনীতি গড়ে তোলার কাজ অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগ দ্বারা প্রাপ্ত লাভের 40 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে প্রদান করার লক্ষ্য নিয়ে তার কমপক্ষে 35 শতাংশের তাদের প্রদান করা হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তি উদ্যোগসমূহের কিছু দ্বারা নির্দেশিত হয়ে, নিউ ইয়র্ক প্রয়াসের একটি গুচ্ছকে অগ্রসর করছে, যার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক ক্যাপ এবং বিনিয়োগ (New York Cap-and-Invest program, NYCI) কর্মসূচি এবং অন্যান্য সম্পূরক নীতিমালা, যাতে করে 2030 সালের মধ্যে 1990 এর মাত্রার তুলনায় 40 শতাংশ এবং 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করা যায়। এছাড়াও নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে নিঃসরণমুক্ত বিদ্যুৎ খাত অর্জন করার পথে রয়েছে, এর মধ্যে রয়েছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য জ্বালানি উৎপাদন এবং শতকের মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এই আধুনিকায়নের একটি ভিত্তি হলো নিউ ইয়র্কের ঐতিহাসিক পরিবেশবান্ধব এনার্জি সেক্টরে বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 61টি বড় আকারের পুনঃনবায়নযোগ্য এবং ট্রান্সমিশন প্রকল্পে 28 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি, বিল্ডিং সংশ্লিষ্ট নির্গমন কমাতে 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌরশক্তি ব্যবস্থা বাড়াতে 3.3 বিলিয়ন মার্কিন ডলার, পরিবেশবান্ধব পরিবহন উদ্যোগের জন্য প্রায় 3 বিলিয়ন মার্কিন ডলার এবং 130টি সার্টিফায়েড ক্লাইমেট স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটি এবং কাঙ্খিত বায়ু দূষণ ও জলবায়ু পরিবর্তন মোকাবেলায় সহায়তা করার জন্য স্টেট জুড়ে 10টি পিছিয়ে থাকা কমিউনিটির মধ্যে স্টেটের বৃহত্তম কমিউনিটি এয়ার মনিটরিং ইনিশিয়েটিভ।

NYPA সম্পর্কে

NYPA হল স্টেটের সব থেকে বড় পাবলিক পাওয়ার অর্গানাইজেশন, যা 16 টি জেনারেটিং ফেসিলিটি এবং ট্রান্সমিশন লাইনের 1,400 এর বেশি সার্কিট- মাইল পরিচালনা করে। NYPA দ্বারা 80 শতাংশের বেশি বিদ্যুৎ পরিষ্কার রিনিউএবল হাইড্রোপাওয়ার উৎপন্ন করে। NYPA বন্ড বিক্রির মাধ্যমে এবং বিদ্যুতের বিক্রয়ের মাধ্যমে বৃহৎ অংশে অর্জিত আয় দ্বারা তার ক্রিয়াকলাপে অর্থায়ন করে। আরো তথ্য জানতে www.nypa.gov ভিজিট করুন এবং টুইটার, ফেসবুক, ইন্সটাগ্রাম, টাম্বলার এবং লিঙ্কডইন এ আমাদেরকে অনুসরণ করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন